গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা

নং-মপ্রাম/বাজেট অধিশাখা (এমটিবিএফ) মধ্যমেয়াদী বাজেট-৭/০৮/**১৯৬** তারিখঃ ১৬/০৯/২০১২ খ্রিঃ

অফিস আদেশ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১৩/০৬/২০১২ খ্রিস্টাব্দ তারিখের নং- ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০০৮-**৪২০** সংখ্যক স্মারকের প্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১০/০৭/২০০৮ খ্রিস্টাব্দ তারিখের নং-মপম/প্র:-১/বিবিধ(MTBF)-০৬/২০০৭/**২১৭** সংখ্যক প্রজ্ঞাপন মূলে গঠিত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের **বাজেট ব্যবস্থাপনা কমিটি** পুনর্গঠন ও কার্যপরিধি পুনর্নির্ধারণ করা হলো।

০২। **বাজেট ব্যবস্থাপনা কমিটি'র গঠন: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)**

১.	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Principal Accounting Officer)	সভাপতি
২.	অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
৩.	যুগ্ম -সচিব (মৎস্য/প্রাণিসম্পদ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
৪.	চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	সদস্য
৫.	যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
৬.	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর	সদস্য
৭.	মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট/বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	সদস্য
৮.	অর্থ বিভাগের সংশ্লিষ্ট উপ-সচিব	সদস্য (কারিগরি)
৯.	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নীচে নয়)	সদস্য
১০.	উপ সচিব (বাজেট অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
১১.	উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	সদস্য
১২.	উপ-প্রধান, বন, মৎস্য ও পশুপালন এবং সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা	সদস্য
১৩.	অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, চট্টগ্রাম	সদস্য
১৪.	রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ঢাকা	সদস্য
১৫.	প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
১৬.	বাজেট ওয়ার্কিং গ্রুপের প্রধান (যুগ্ম-সচিব, প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য-সচিব

০৩। **কার্যপরিধি:**

১. মন্ত্রণালয়/বিভাগের বাজেট সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতির খসড়া পরীক্ষা ও অনুমোদনের জন্য সুপারিশ প্রদান;
২. মন্ত্রণালয়/বিভাগের বাজেট সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন;
৩. মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো অনুমোদন;
৪. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প গ্রহণের বিষয়ে অনুমোদন;
৫. সচিবালয় এবং সংযুক্ত/অধিনস্থ দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা অনুমোদন;
৬. রাজস্ব আয়, অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন;
৭. রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন;
৮. আগাম সংগ্রহ পরিকল্পনা(Advance Procurement Plan)-সহ মন্ত্রণালয়/বিভাগ ও নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদন;
৯. উন্নয়ন অনুবিভাগের/পরিকল্পনা সেলের সাথে সমন্বয়ের মাধ্যমে মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং অধিদপ্তর/সংস্থাওয়ারি সকল কার্যক্রম/প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন (Financial and Non-Financial) অগ্রগতি পর্যালোচনা এবং রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশী না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
১০. ত্রৈমাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা এবং অনুমোদন;
১১. প্রধান কর্মকৃতি নির্দেশক এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;
১২. নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের পূর্বে মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উপযোজন হিসাব অনুমোদন; এবং
১৩. অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা আপত্তিসমূহ নিস্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৪। **অন্যান্যঃ**

- কৌশলগত উদ্দেশ্যসমূহ ও অগ্রাধিকার নির্ণয়, কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারণসহ এ জাতীয় বিশেষ কোন কাজ সম্পন্ন করার জন্য উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটি গঠন করা যেতে পারে; এবং
- বাজেট ব্যবস্থাপনা কমিটি বছরে সাত বা ততোধিক সভায় মিলিত হবে। তবে, প্রয়োজনবোধে কমিটির সভাপতি যে কোন সময় বিশেষ সভা আহবান করতে পারবেন।

স্বাক্ষরিত:- ১৬/০৯/২০১২
(রুম্মান আখতার খান)
উপ সচিব
ফোন: ৯৫৫১০০৭
E-mail: moflmtbf@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৪-২৫, দিলকুশা বা/এ, ঢাকা।
৪. যুগ্ম সচিব (প্রশাসন/মৎস্য/প্রাণিসম্পদ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৭. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১০. উপ সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত)।
১১. উপ সচিব, বাজেট অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৩. পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত)।
১৪. উপ-প্রধান (বন, মৎস্য ও পশুপালন এবং সমন্বয় উইং), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত)।
১৫. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৬. রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ১৫৪/১, ক্রিসেন্ট রোড (২য় তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫।
১৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

নং-মপ্রাম/বাজেট অধিশাখা (এমটিবিএফ) মধ্যমেয়াদী বাজেট-৭/০৮/**১৯৬** তারিখ: ১৬/০৯/২০১২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ- অতিরিক্ত সচিব (বাজেট-১)]।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। গার্ড নথি।

স্বাক্ষরিত:- ১৬/০৯/২০১২
(রুম্মান আখতার খান)
উপ সচিব